সংবাদ

তারিখ ... ১৭।৪।৮৩ ...
পৃষ্ঠা ... ... ... কলাম ৭ ...

UU 004

# বান্দরবন কলেজে শিক্ষকের অভাবে ছাত্র-ছাত্রীদের পড়াশোনা ব্যাহত

লামা, ১৪ই আগষ্ট (নিজস্ব সংবাদদাতা)।—বান্দরবন জেলার একমাত্র কলেজটি বিভিন্ন সমস্যায় জর্জরিত। এই কলেজটি বেসরকারীভাবে স্থাপিত হয় একযুগ আগে, সাবেক সরকারের আমলে এটিকে সরকারীকরণ করা হয়। সরকারী কলেজ হলেও উন্নয়নের ছোঁয়া এখানে আজো লাগেনি। অধ্যক্ষ নেই, নেই সহকারী অধ্যক্ষ। যেখানে ১৫ জন অধ্যাপকের দরকার সেখানে রয়েছেন মাত্র ১০ জন। ২০ জন প্রভাষকের স্থলে রয়েছেন ১৪ জন, নেই লাইব্রেরীয়ান, অন্যান্য কর্মচারী থাকার কথা ১০ জন; কিন্তু তার মধ্যে আছে মাত্র ২জন।

কলেজে ছাত্রাবাস নামে যা আছে তাতে ছাত্র-ছাত্রীদের পক্ষে থাকা সম্ভব হয় না।

শিক্ষকদের আবাসিক সংকট হেতু তাঁদের চট্টগ্রাম থেকে প্রত্যহ বান্দরবন গিয়ে ক্লাস নিতে হয়। এতে ছাত্র-ছাত্রীদের ক্লাসের ক্ষতি হয়। মিলনায়তন না থাকায় ছাত্র-ছাত্রীদের দারুণ দুর্ভোগ পোহাতে হচ্ছে।

কলেজে যাবার পথটি অতি সংকীর্ণ এবং কর্দমাক্ত। ফলে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের চরম দুর্দশার মধ্যে দিয়ে কলেজে আসা-যাওয়া করতে হয়। কলেজ কর্তৃপক্ষ জানান, এসব সমস্যার ব্যাপারে উর্ধতন কর্তৃপক্ষের কাছে বহুবার লেখা হয়েছে। কিন্তু কোন কাজ হয়নি।

### সমস্যা জর্জরিত লামা সরকারী বিদ্যালয়

মহকুমা সদর এলাকায় অবস্থিত লামা সরকারী পাইলট হাই স্কুলটি নানা সমস্যায় জর্জরিত।

প্রয়োজনীয় শিক্ষক, কর্মচারী, আসবাবপত্রের অভাব, ছাত্র-ছাত্রীদের মিলনায়তন কক্ষের অভাবজনিত বিভিন্ন সমস্যা এখানে আছে। স্কুলটি সরকারীকরণের পরও এতে উন্নয়নের ছোঁয়া লাগেনি।

১৯৭৭ সনে এ স্কুলটি স্থাপিত হয়। ১৯৮১ সনে একে সরকারীকরণ করা হয়েছে। কিন্তু এর হাল অবস্থা আগের মতই রয়ে গেছে।

স্কুলের সমস্যার সমাধানকল্পে কোন ব্যবস্থা গ্রহণ না করায় ছাত্র-ছাত্রীদের পড়াশোনার নিদারুণ ক্ষতি হচ্ছে।

এ স্কুলটিতে বর্তমানে প্রায় ৩শ ছাত্র-ছাত্রী রয়েছে। যেখানে ২৭ জন শিক্ষকের পদ বরাদ্দ আছে, সেখানে মাত্র ১১ জন শিক্ষক রয়েছেন। স্কুলে তৃতীয় শ্রেণীর একজন কর্মচারীও নেই।

নলকূপ না থাকায় ছাত্র-ছাত্রীরা খাবার পানির তীব্র সংকটে ভুগছে। এখানে ছাত্র-ছাত্রীদের জন্য নেই ছাত্রাবাস, নেই মিলনায়তনের ব্যবস্থা। আসবাবপত্রের সংকটও প্রকট।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জানান, স্কুলের সমস্যা সম্পর্কে উর্ধতন কর্তৃপক্ষের কাছে বহু লেখালেখি করা হয়েছে। কিন্তু তাতে কোন ফল হয়নি।